গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
http://www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ৯০৬৭ তারিখঃ ২৯ আগস্ট ২০২৪

**ক্রীড়া পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ২.১- এর নির্দেশনার আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আ,ন,ম তরিকুল ইসলাম<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ২৮/০৮/২০২৪ খ্রি. তারিখ, দুপুর ০১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক মহোদয়ের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা ও ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে আওতাধীন দপ্তর/সংস্থার উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মতাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।

এ পর্যায়ে সভাপতি বলেন, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্খিত সেবা সহজে পায়, সে জন্য ক্রীড়া পরিদপ্তরের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে কিনা এবং ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিস থেকে সেবা গ্রহীতারা নির্ধারিত সময়ের মধ্যে সেবা পেয়ে থাকেন কিনা এ বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের মতামত/পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন। আওতাধীন দপ্তর/সংস্থার মধ্য থেকে জনাব মোঃ মজিবুর রহমান, অধ্যক্ষ, সরকারী শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সকলেই নির্ধারিত সময়ের মধ্যে সেবা পাবে । জেলা ক্রীড়া অফিসার, ব্রাহ্মণবাড়ীয়া জনাব মাহমুদা আক্তার বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সকলেই আরো দ্রুত সময়ের মধ্যে সেবা পাবেন, এসংক্রান্ত কোনো অভিযোগ নাই। জেলা ক্রীড়া অফিসার, দিনাজপুর, জনাব মো: আকরাম হোসাইন, একই মতামত ব্যক্ত করেন।

অত:পর সভাপতি ক্রীড়া পরিদপ্তর থেকে সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে সেবা পাচ্ছেন কিনা জানতে চাইলে, জনাব এস, আই, এম ফেরদৌউস আলম, সহকারি পরিচালক (প্রশাসন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা বলেন, ক্রীড়া পরিদপ্তর থেকে নির্ধারিত সেবা সময়মতো দেওয়া হচ্ছে।

এ পর্যায়ে সভাপতি বলেন, সেবাসমুহ স্মার্ট ওয়েতে প্রদান করার উপর গুরুত্বারোপ করেন এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ভিত্তিতে ক্রীড়া পরিদপ্তর থেকে প্রদানকৃত সেবার মান আরও উন্নত করতে হবে। তিনি আরো বলেন, অনলাইনে আবেদনের মাধ্যমে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণের কাজ প্রায় শেষ শুধু উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদ হলেই কার্যক্রম শুরু করা হবে।

চলমান পাতা-২

**সিদ্ধান্ত:**

০১। ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মোবাইল এবং ই-মেইল নম্বরসহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে নির্ধারিত সময়ে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। ক্রীড়া পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। ক্রীড়া পরিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা এবং অভ্যন্তরীণ সেবার প্রাপ্তির নিমিত্ত যে সকল ক্ষেত্রে আবেদন প্রয়োজন সে সকল ক্ষেত্রে আবেদন ফরমের লিংক যুক্ত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আ, ন, ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.০৬.০০৮.২৪- ১০৬৯ তারিখ: ২৯ আগস্ট ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

০১। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অধ্যক্ষ (সকল), সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ............................।
০৩। সহকারী পরিচালক (সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৪। জেলা ক্রীড়া অফিসার, ...............................।
০৫। পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
০৬। অফিস নথি।

এস, আই, এম ফেরদৌস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৮
ই-মেইল: ada@ds.gov.bd


Sports DTE
(Dso Barishal) Md Sydul...
Dso dinajpur & Panc...
Dso Chattogram (Ab...
Al-Amin, DSO, Myme...
Dso barguna naresh gain
Tariqul Islam (JS) Director at DoS
12:04 PM
8/28/2024


DSO, COXSBAZAR, m...
জেলা ক্রীড়া অফিস, ন..
Principal, Abdul Malek T...
S.I.M Ferdous Alom, ...
DSO Kurigram Mahm...
DSO, Narayanganj, M...
DSO Nilphamari Md.Abul Hasem
12:04 PM
8/28/2024


DSO, COXSBAZAR, m...
জেলা ক্রীড়া অফিস, ন..
S.I.M Ferdous Alom, ...
লুবনা ইয়াসমিন
dso Sunamganj al amin
DSO Kurigram Mahm...
Principal, Abdul Malek Talukder, Bagerhat Physical Education
12:04 PM
8/28/2024


DSO, COXSBAZAR, m...
জেলা ক্রীড়া অফিস, ন...
S.I.M Ferdous Alom, ...
লুবনা ইয়াসমিন
dso Sunamganj al amin
DSO Kurigram Mahm...
Tariqul Islam (JS) Director at DoS
12:04 PM
8/28/2024


zoom
Workplace
View
Dso Sherpur, Dhiren...
Dso dinajpur & Panc...
DSO, Narsingdi, Farzi...
জেলা ক্রীড়া অফিস (রা...
DSO, Narayanganj, M...
S.I.M Ferdous Alom,, Ad(Ad) DoS
Participants (36)
Find a participant
Sports DTE (Host, me)
S.I.M Ferdous Alom,, Ad(Ad) DoS
Tariqul Islam (JS) Director at DoS
(Dso Barishal) Md. Sydul Islam ...
Dso Khulna. Boktiar Rahman G...
Al-Amin, DSO, Mymensingh
Arif Ahamed, Meherpur, EH08-...
Dso barguna naresh gain
Dso Chattogram (Abdul Bari)
Dso dinajpur & Panchagarh ( ...
DSO Faridpur&Rajbari, Al-Amin...
DSO JASHORE MD KHALID JAH...
DSO Jhenaidah Mizanur Raha...
Invite
Mute all
Audio
Video
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
More
End
12:06 PM
8/28/2024


zoom
Workplace
View
Mahabub,DSO,...
Heera Akter, Ds...
DSO Jhenaidah...
DSO.Jamalpur.A...
DSO,Sylhet (Md....
Mahabub,DSO, Satkhi...
Heera Akter, Dso Lak...
DSO Jhenaidah Miza...
DSO.Jamalpur.Afrin A...
DSO,Sylhet (Md.Nur ...
Arif Ahamed, Meherp...
Tariqul Islam (JS) Director at DoS
Audio
Video
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
Record
More
End
12:19 PM
8/28/2024


zoom
Workplace
Recording...
View
Sports DTE
Tariqul Islam (JS) Directo...
Principal Mymensingh...
DSO, Noakhali Alaud...
DSO Tangail
DSO Khagrachari, Ha...
DSO, Narsingdi, Farzin Akther Momo
Audio
Video
43
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
Pause/stop recording
More
End
12:19 PM
8/28/2024


Sports DTE
Tariqul Islam (JS) Directo...
DSO, Narsingdi, Farzin A...
Principal Mymensingh...
জেলা ক্রীড়া অফিস (রা...
DSO Tangail
জেলা ক্রীড়া অফিসার
কক্সবাজার
DSO, COXSBAZAR, main uddin milky
12:20 PM
8/28/2024